

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.১০৯.০১১.০০.০০.০০৪.২০১২-৩৬

তারিখ : ১৫/০১/২০১৫ খ্রিঃ ।


বিষয় : শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১ম শ্রেণীর চীফ ইন্সট্রাক্টর (টেক/আরএসি) পদের প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ প্রসংগে।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, ঢাকাতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চতর ১ম শ্রেণীর চীফ ইন্সট্রাক্টর (টেক/আরএসি) পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নলিখিত তারিখ ও সময়ে প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে :-

পদের নাম	সাক্ষাৎকার অনুষ্ঠানের তারিখ ও সময়	স্থান
চীফ ইন্সট্রাক্টর (টেক/আরএসি)	২৮/০১/২০১৫ খ্রিঃ রোজ বুধবার সকাল ১০.৩০ ঘটিকা	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। উক্ত মৌখিক/সাক্ষাৎকার অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামে সাক্ষাৎকারপত্র ইতোমধ্যে ডাকযোগে প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী সাক্ষাৎকারপত্র না পেয়ে থাকলে আগামী ২৫ ও ২৬ জানুয়ারি, ২০১৫ তারিখ সকাল ১০.০০টা হতে বিকাল ৩.০০ টার মধ্যে দুইকপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবিসহ ইউনিট-৯ এর পরিচালক বরাবর আবেদন করে ডুপ্লিকেট সাক্ষাৎকারপত্র সংগ্রহ করা যাবে।

৩। মৌখিক পরীক্ষার কার্ড এবং আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ ব্যতীত কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না। উল্লেখ্য, আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ হারিয়ে গেলে প্রার্থীকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে হারিয়ে যাওয়া রশিদের নম্বর ও তারিখ উল্লেখ পূর্বক একটি প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। প্রার্থী চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত (সীল-স্বাক্ষরিত) মূল ছাড়পত্র, শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য সকল সনদের মূলকপি পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।


(মোঃ মাহফুজুর রহমান)
পরিচালক
ফোন-৫৫০০৬৬২৯।

বিতরণ :

- ১) পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২) প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সকল দৈনিক সংবাদপত্রে জরুরী ভিত্তিতে প্রকাশ এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে। বিজ্ঞপ্তির ৪(চার) কপি এতদসংগে প্রেরণ করা হলো)।
- ৩) মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো)।
- ৪) বার্তা সম্পাদক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো)।
- ৫) কর্ম কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd), অত্র সচিবালয়, ঢাকা।